আলমডাঙ্গায় সর্বনিম্ন

তাপমাত্রায় জনজীবনে দুর্ভোগ-

ঐশিকার উদ্যোগে শীতবস্ত্র

বিতরণ

চুয়াডাঙ্গা সহ আলমডাঙ্গায় সর্বকালের সর্বনিম্ন তাপমাত্রা বিরাজ করছে। সাধারণ শ্রমজীবী মানুষের জন জীবনে দুর্ভোগ বেড়েই চলেছে। কনকনে শীতে আর হিমেল বাতাসে মানুষ ঘর থেকে বাহির হয়ে কর্মস্থলে পৌঁছাতে কষ্টের অন্ত নেই। এই অবস্থায় শীতার্ত অসহায় মানুষের মাঝে পাশে দাঁড়াতে সকল স্বেচ্ছাসেবী সংস্থা, বেসরকারি সংস্থা ও ধনীকশ্রেনী কে এগিয়ে আসার আহব্বান জানিয়েছেন সুশীল সমাজ।

আলামডাঙ্গায় ঐশিকা সংস্থার উদ্যোগে শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরন করেছেন। আলামডাঙ্গা থানাপাড়া ঐশিকা সংস্থার উদ্যোগে ৩ শতাধিক শীতার্ত অসহায় ও দরিদ্র মানুষের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুর ১টার দিকে থানা পাড়া ঐশিকা সংস্থার কার্যালয় হতে আনুষ্ঠানিকভাবে শীতবস্ত্র কম্বল বিতরণ করেন প্রধান অতিথি উপজেলা নির্বাহী অফিসার পান্না আক্তার। সমাজসেবা অফিসার সাজ্জাদ হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন, গার্মেন্টস মালিক সমিতির সভাপতি আব্দুস সামাদ, ঐশিকা সংস্থার নির্বাহী কর্মকর্তা আশরাফুল কবির, সংস্থার শাখা ব্যবস্থাপক আলাউদ্দিন, মোঃ মোবারক হোসেন, সার্জেন আলী।

সার্বিক দায়িত্বে ছিলেন, ঐশিকা সংস্থার সহ-সভাপতি আবু সাঈদ মিয়া। ঐশিকার সংস্থার স্বত্বাধিকারী আমেরিকা প্রবাসী আব্দুল মান্নান রতন জমিদারের পক্ষ থেকে জানানো হয়, প্রতি বছরের মত এবারো মানবিক দায়িত্ববোধ থেকেই এই উদ্যোগ নেওয়া হয়েছে এবং শীতকালজুড়ে তাদের সহায়তা কার্যক্রম চলমান থাকবে।

আলমডাঙ্গা বণিক সমিতির উদ্যোগে সিআইপি সাহিদুজ্জামান টরিক’কে গণ সংবর্ধনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক সিআইপি নির্বাচিত হওয়ায় সাহেদ গ্রুপের স্বত্বাধিকারীরা সাহিদুজ্জামান টরিককে আলমডাঙ্গা বনিক সমিতির পক্ষ থেকে গণ সংবর্ধনা দেওয়া হয়েছে। গতকাল শনিবার রাত ৮টায় আলমডাঙ্গা জেস টাওয়ারের হলরুমে বনিক সমিতি ও আলমডাঙ্গার সকল ব্যাবসায়ি সমিতির পক্ষ থেকে এ সংবর্ধনা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সাহিদুজ্জামান টরিককে ফুলেল শুভেচ্ছা জানান বনিক সমিতি। এসময় তাঁকে স্মারক প্রদান করা হয়।আলমডাঙ্গা বনিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন, বাংলাদেশ বিজনেস চেম সিঙ্গাপুর (বিডিচ্যাম)-এর সভাপতি এনআরবি ওয়ার্ল্ডের প্রেসিডেন্ট, সাহেদুজ্জামান টরিক।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ব্যাবসায়ীরা সমাজের সবচেয়ে বিনয়ী মানুষ। তিনি বলেন, মনে রাখবেন ব্যাবসা করতে টাকার প্রয়োজন হয়না। প্রয়োজন সকলের সাথে যোগাযোগ, ভালো ব্যাবহার করা। বড় বড় ব্যাবসায়ীর ছেলের কাছে লক্ষ লক্ষ টাকা দিয়ে ব্যাবসা শুরু করেছে, কিন্তু সে যদি মানুষ কে মানুষ না মনে করে তবে দেখবেন তার দোকান খুব অল্প সময়ের মধ্যে ফাঁকা হয়ে গেছে। কিন্তু যার টাকা নেই, কিন্তু সে যদি কোন বড় ব্যাবসায়ীর মন জয় করতে পারে দেখবেন সে একদিন আপনার এলাকায় বড় ব্যাবসায়ি হয়ে গেছে। তাই কাউকে ছোট ভাববেন না।

সাহিদুজ্জামান টরিক বলেন, ‘আমি চুয়াডাঙ্গা থেকে কিছু নিতে আসিনি, চুয়াডাঙ্গাকে কিছু দিতে এসেছি। আপনারা যদি আমাকে সহযোগিতা করেন, তাহলে আমি এই জেলার পরিবর্তনে ভূমিকা রাখতে চাই।’ তিনি বলেন, নিজের যোগ্যতা ও মানুষের সঙ্গে সম্পর্কই তার মূল শক্তি। শূন্য থেকে শুরু করে আজ তিনি এই অবস্থানে পৌঁছেছেন। তিনি আরও বলেন, ‘আমার ছোট ভাই শরীফুজ্জামান ওয়াদা করেছে- সে এমপি হোক বা না হোক, প্রশাসনের কাউকে তদবিরের জন্য সে ফোন দেবে না। আইন আইনের রাস্তায় চলবে। আমাদের বাক্য একটাই- এ দেশে আইনের সুশাসন প্রতিষ্ঠা করা।’ আমি কথা দিচ্ছি আপনারা যদি আমার ছোট ভাই

শরিফুজ্জামানকে ভোট দেন তাহলে আমি চুয়াডাঙ্গা, আলমডাঙ্গাকে পরিবর্তন করবো ইনশাল্লাহ। আপনারা যদি আমাকে সহোযোগিতা করেন, তাহলে আপনাদের এই অঞ্চলকে উন্নয়নের মাধ্যমে মডেল আলমডাঙ্গায় গড়ে তুলবো।

বিএনপি যদি ক্ষমতায় আসতে পারে তাহলে আলমডাঙ্গার বন্ধ হয়ে যাওয়া কুমারী ভেটেরিনারি ট্রেনিং ইনস্টিটিউট আবার আমি কলেজ করবো ইনশাল্লাহ। আপনারা জায়গা দিলে আলমডাঙ্গায় প্রাইভেট হাসপাতাল বানিয়ে দেব।

দর্শনা মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার উদ্যোগে স্যানিটেশন উন্নয়ন কর্মসূচির উঠান বৈঠক

দর্শনা মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার উদ্যোগে স্যানিটেশন উন্নয়ন কর্মসূচির উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

আজ সকাল ১১টায় কালিদাসপুর আদীবাসী পাড়ায় পূজা মন্ডপের সামনে এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। এ বৈঠকে নিবার্চিত ১৭ জন নারী ও পুরুষ অংশ নেয়। এছাড়া আজ শনিবার থেকে প্রথম ধাপে ১০ এবং দ্বিতীয় ধাপে ৭জনকে আরো বিনামূল্যে সেমি পাকা ল্যাট্রিন নির্মাণ করে দেওয়া হবে বলে নিবার্হী পরিচালক জানান।

স্বাস্থ্য ও স্যানিটেশন বিষয় আলোচনা করেন, সংস্থার সাধারণ সম্পাদক আতিকুজ্জামান পান্না ও মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার ম্যানেজার মকবুল হোসেন। অনুষ্ঠান পরিচালনা করেন, জিল্লুর রহমান।

মেহেরপুরে ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের উদ্যোগে মহান বিজয় দিবস পালন

মহান বিজয় দিবস উপলক্ষে মেহেরপুর জেলার অন্যতম সাহিত্য ও সাংস্কৃতিক সংগঠন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরএর আয়োজনে আলোচনা সভা, কবিতা পাঠ ও সম্মাননা স্মারক প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকেলে মেহেরপুর প্রেসক্লাব মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের সভাপতি আলহাজ্ব অ্যাডভোকেট এম. আনোয়ার হোসেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনের সিনিয়র সহ-সভাপতি ডা. এম. এ. বাশার। বিশেষ অতিথি ছিলেন সহ-সভাপতি নূরুল আহমেদ ও সহ-সভাপতি রফিকুল আলম।

আলোচনা সভায় বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের সহযোগী অধ্যাপক (অবসরপ্রাপ্ত) আব্দুল মজিদ, ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের সাবেক সাধারণ সম্পাদক সায়েদুর রহমান সাজু, নাট্য ও সাংস্কৃতিক সম্পাদক সাইদুর রহমান, কবি ও সাংবাদিক জি. এফ. মামুন লাকী, নির্বাহী কমিটির সদস্য নিলুফার বানু, কবি বাশরী মোহন দাস, কবি আবুল হাসেমসহ অন্যান্য অতিথিবৃন্দ।

বিজয় দিবস-২০২৫ উপলক্ষে আইন, সমাজসেবা ও সংগঠনে বিশেষ অবদানের জন্য ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের সভাপতি আলহাজ্ব অ্যাডভোকেট এম. আনোয়ার হোসেন, চিকিৎসা ও সমাজসেবায় অবদানের জন্য সিনিয়র সহ-সভাপতি ডা. এম. এ. বাশার এবং কবিতা ও গীতিকলাপের জন্য কবি ও গীতিকার ম. গোলাম মোস্তফাকে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

অনুষ্ঠানে কবিতা পাঠ করেন কবি ম. গোলাম মোস্তফা, বাশরী মোহন দাস, সায়েদুর রহমান সাজু, এস. এম. এ. মান্নান, শহিদুল ইসলাম কানন, রফিকুল ইসলাম, মহিবুল ইসলাম, আসাদুল ইসলাম খোকন, মাইশা ফারজানা ঐশী, ফাতেমা ফিরোজসহ আরও অনেকে।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের সাধারণ সম্পাদক মেহের আমজাদ।

দর্শনায় যুবসমাজের উদ্যোগে রাস্তা সংস্কার

দর্শনায় আজমপুর যুব সমাজ ওয়াজ পরিচালনা কমিটির উদ্যোগে ২ টি রাস্তা সংস্কার করা হয়েছে। গতকাল বুধবার সকালে আজমপুর ৩ নং ওয়ার্ডের ২ টি রাস্তা সংস্কার করা হয়।

আজমপুর যুব সমাজ ওয়াজ পরিচালনা কমিটির সেক্রেটারি মোঃ মাহাবুব আলাম বলেন, আজমপুর ৩ নং ওয়ার্ড অনেক অবহেলিত। দীর্ঘদিন ধরে এ ওয়ার্ডের ২ টি রাস্তার অবস্থা খুবই খারাপ। সাধারণ মানুষের চলাচলে চরম ভোগান্তি হচ্ছে। এজন্য আমাদের উদ্যোগে ২ টি রাস্তা সংস্কার করেছি আমাদের সাধ্য মতো। আমরা দর্শনা পৌরসভার পৌর প্রশাসকের সাথে এ ব্যাপারে কথা বলেছি দ্রুত রাস্তা সংস্কার করার জন্য অনুরোধ করেছি।

সাধারণ মানুষেরা বলছেন, আমাদের ওয়ার্ডের রাস্তা ২ টি চলাচলের উপযোগী ছিল না। অনেক দিন ধরে এ সমস্যার কোনো সমাধান হয়নি। আজ যুবসমাজের উদ্যোগে ২ টি রাস্তা সংস্কার করা হয়েছে। আমরা সাধারণ মানুষ চাই আমাদের এলাকার রাস্তাগুলো উন্নত হোক।

এ সময় উপস্থিত ছিলেন, আজমপুর যুব সমাজ ওয়াজ পরিচালনা কমিটির সভাপতি মোঃ মনিরুজ্জামান মনির, আবু বক্কর, আবু সালেহ, হাসিবুল ইসলাম মন্টু, আব্দুল কাইযুম, আবুল কালাম, ফারুক হোসেন, সোহাগ, রাজু, রানা সহ কমিটির সদস্যবৃন্দ।

গাংনীতে কসবা ব্লাড ব্যাংক সোসাইটির উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

গাংনীতে কসবা ব্লাড ব্যাংক সোসাইটির উদ্যোগে সমাজের অসহায় দুস্থ সুবিধাবঞ্চিত ও সমাজের পিছিয়ে পড়া মানুষের মাঝে শীতের উষ্ণতা ছড়িয়ে দিতে শীতবস্ত্র (কম্বল) বিতরণ করা হয়েছে। আজ শুক্রবার সকালে কসবা বাজার চত্বরে কসবা ও আশেপাশের গ্রামের মানুষদের মাঝে কম্বল বিতরণ করা হয়।

সর্বমোট ৮৬ জন মানুষকে শীতবস্ত্র (কম্বল) উপহার দেওয়া হয়েছে। কসবা ব্লাড ব্যাংক সোসাইটির উপদেষ্টা মন্ডলীর সদস্য ডা.শহীদুল্লাহর সভাপতিত্বে এবং শিক্ষক ও বিশিষ্ট সংগঠক কামাল হোসেন লাল্টুর সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন, মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল এন্ড বিএম কলেজের সহকারী অধ্যাপক রফিকুল ইসলাম বকুল, গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, শহিদুল ইসলাম, আমারত ইসলাম, আব্দুল মজিদ, সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি মোঃ রাসেল আহমেদ। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, সাধারণ সম্পাদক মো: সাগর ইসলাম, মারুফ মীর, সিয়াম, মামুন, সজলসহ সংগঠনের সদস্যরা।

সংগঠনের সদস্যরা সমাজের পিছিয়ে পড়া ও দরিদ্র মানুষের কল্যাণে সহযোগিতার মনোভাব নিয়ে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। সংগঠনের পক্ষ থেকে কসবা ব্লাড ব্যাংক সোসাইটি শীতের সময় কম্বল বিতরণ, ঈদ উপহার সামগ্রী বিতরণ, ইফতার বিতরণ ও জরুরি প্রয়োজনে ব্লাড সংগ্রহসহ সংগঠনের বিভিন্ন কাজ নিয়ে আলোচনা করেন।

সংগঠনের উপদেষ্টা রফিকুল আলম বকুল বলেন, সমাজের কম সুবিধাভোগী ও পিছিয়ে পড়া মানুষের কল্যাণে সবাইকে ঐক্যবদ্ধভাবে সহযোগিতা করতে হবে। নিজের পরিবারের জন্য যেমন সহযোগিতা ও তাদের জন্য কাজ করতে হয় তেমনিভাবে পিছিয়ে পড়া জনগোষ্ঠী এই সমাজেরই অংশ, তাদের জন্যও সবাইকে এগিয়ে আসতে হবে।

তিনি সমাজের বিত্তবান ও সামর্থ্যবান মানুষদের কে সমাজের পিছিয়ে পড়া ও কম সুবিধাভোগী মানুষের সহযোগীতায় এগিয়ে আসার আহ্বান জানান। বিশেষ করে কসবা সহ এই অঞ্চলের মানুষ যারা এলাকার বাইরে

চাকরি করেন ও বিদেশে অবস্থান করেন তাদের প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলেন, আপনারা এই গ্রাম বা এই এলাকার সন্তান হিসেবে দায়িত্ব রয়েছে আপনাদের। সেইজন্য আপনারা সবাইকে কসবা ব্লাড ব্যাংক সোসাইটি কে সহযোগিতা ও বিভিন্ন বুদ্ধি পরামর্শ দিয়ে সহযোগিতা করবেন।

দর্শনায় পৌর জামায়াতের উদ্যোগে যুবকদের নিয়ে মতবিনিময় সভা

দর্শনা পৌর শাখা জামায়াতের উদ্যোগে যুবকদের নিয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বেলা দুইটার দিকে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের আমির ও চুয়াডাঙ্গা-২ আসনের এমপি প্রার্থী মোঃ রুহুল আমিন। তিনি বলেন, যুবকরাই দেশের ভবিষ্যৎ নেতৃত্ব। দেশের উন্নয়ন ও সমৃদ্ধির জন্য যুব সমাজকে এগিয়ে আসতে হবে। যুবকদের কার্যক্রমের গতি বৃদ্ধি পেলে সমাজ থেকে দুর্নীতি ও অপরাধ কমে যাবে। সুন্দর ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে যুব সমাজ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

তিনি সবাইকে দেশ গঠনে ইতিবাচক ভূমিকা রাখার আহ্বান জানান।

এ সময় আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের জেলা সভাপতি সাগর আহমেদ, দর্শনা থানা শাখার সহকারী সেক্রেটারি জাহিদুল ইসলাম, দর্শনা পৌর শাখার আমির সাইফুল আলম অপু এবং পৌর যুব বিভাগের সভাপতি তানজিল।

মতবিনিময় সভাটি যুবকদের মধ্যে উৎসাহ ও অনুপ্রেরণা সৃষ্টি করে সফলভাবে সম্পন্ন হয়।

মেহেরপুরে অ্যাড. কামরুল হাসানের উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের উদ্যোগে বিনামূল্যে চিকিৎসা সেবা ও ওষুধ বিতরণের আয়োজন করা হয়।

গতকাল শনিবার সকাল ১০টায় সময় মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান এ ফ্রি মেডিকেল ক্যাম্প উদ্বোধন করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, “তারেক রহমানের ৩১ দফা দাবি আদায়ের লক্ষ্যে আমরা কাজ করে যাচ্ছি। জনগণের মৌলিক অধিকার ও সুচিকিৎসা নিশ্চিত করাই আমাদের উদ্দেশ্য। তারেক রহমানের নির্দেশেই আমরা সব কার্যক্রম পরিচালনা করছি।”

ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠানে স্থানীয় প্রায় দুই হাজার মানুষ চিকিৎসা সেবা গ্রহণ করেন এবং বিনামূল্যে প্রয়োজনীয় ওষুধ পান। নেতৃবৃন্দ জানান, জনগণের পাশে দাঁড়ানোই বিএনপির অন্যতম লক্ষ্য, তাই এ ধরনের মানবিক কার্যক্রম নিয়মিতভাবে অব্যাহত থাকবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি ইলিয়াস হোসেন, আলমগীর খান ছাতু, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ,

জেলা বিএনপির সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা শহীদ জিয়া স্মৃতি সংসদের সভাপতি আলিফ আরাফাত খান, বুড়িপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি নাসির উদ্দিন, সাধারণ সম্পাদক ফরিদ উদ্দিন, নাহিদ হোসেনসহ বিএনপি ও অঙ্গসংগঠনের

নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গা স্বয়ম্ভর পাবলিক লাইব্রেরির উদ্যোগে শিক্ষার্থীদের নিয়ে বিজ্ঞান আলোচনা

আলমডাঙ্গা স্বয়ম্ভর পাবলিক লাইব্রেরির উদ্যোগে শিক্ষার্থীদের মাঝে বিজ্ঞান আলোচনা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল ১০টায় স্বয়ম্ভর পাবলিক লাইব্রেরি মিলনায়তনে অনুষ্ঠিত হয় বিজ্ঞান বিষয়ক এক প্রাণবন্ত আলোচনা সভা।

অনুষ্ঠানে মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের সহযোগী অধ্যাপক বশির আহমেদ। তিনি আলোচনায় বলেন, “বিজ্ঞানের অগ্রগতি ছাড়া পৃথিবীতে টিকে থাকা কঠিন। আধুনিক পৃথিবীতে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ কিংবা অস্ত্রে পরাক্রমশালী দেশকে উন্নত বলা যায় না। যে দেশ বিজ্ঞানে উন্নত, সেই দেশই সত্যিকারের উন্নত। বিজ্ঞান মুখস্থ করার বিষয় নয়—এটি জানার ও বোঝার বিষয়।

শিক্ষার্থীদের পরিবার ও সমাজ উভয় ক্ষেত্রেই বিজ্ঞানভিত্তিক চেতনায় উদ্বুদ্ধ করতে হবে। পাশাপাশি স্কুল পর্যায়ে আধুনিক ও কার্যকর বিজ্ঞানাগারের ব্যবস্থা থাকা প্রয়োজন।” অনুষ্ঠানে আলমডাঙ্গা উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের নবম ও দশম শ্রেণির প্রায় ২০০ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করে। এছাড়া ১০টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

শিক্ষকদের মধ্যে ছিলেন, হাটবোয়ালিয়া মাধ্যমিক স্কুল অ্যান্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. মতিউল হুদা, কুমারী ইউনিয়ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল হান্নান, আলমডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক মো. হাসিনুর ইসলাম,

আলমডাঙ্গা সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক মো. সিদ্দিকুর রহমান।

এছাড়া আরো উপস্থিত ছিলেন, হাটবোয়ালিয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক মো: আলমগীর কবির, হাটবোয়ালিয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোছা: সানজিদা পারভীন, এরশাদপুর একাডেমির সহকারী শিক্ষক মোছা: আফরোজা খুশি ও মো: আব্দুল হান্নান।আপ্যায়নে ও শৃঙ্খলায়- তুষার মুক্ত স্কাউটের চৌকস সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গা কোর্টপাড়া কমিউনিটির উদ্যোগে পরিচ্ছন্নতা কর্মসূচি সম্পন্ন

আলমডাঙ্গা কোর্টপাড়া কমিউনিটির উদ্যোগে পরিচ্ছন্নতা কর্মসূচি সম্পন্ন হয়েছে।” একটি স্বপ্ন বিনির্মানে মানবিক নাগিরিক সেবায় ঐক্যবদ্ধ আমরা” কোর্টপাড়া কমিউনিটির শিক্ষা, চিকিৎসা, অন্ন, বস্ত্র, বাসস্থান একজন নাগরিকদের মৌলিক অধিকারে পাশে থাকবে এই স্লোগান কে সামনে রেখে এগিয়ে চলেছে এই স্বেচ্ছাসেবী সামাজিক নাগরিক সমাজ। গতকাল শুক্রবার সকাল ৭ টা থেকে ১টা পর্যন্ত মহল্লার সকল গলি, অপরিচ্ছন্ন স্থান, খাল প্রভৃতি স্থানে পরিচ্ছন্ন কাজ করা হয়।

আলমডাঙ্গা কোর্টপাড়া কমিউনিটির সদস্য গোলাম মোস্তফা বিশ্বাস বলেন, প্রতি ১৫ দিন পরপর এই পরিচ্ছন্ন কাজ করা হবে। কমিউনিটির নিজ অর্থায়নে গাড়িতে করে নোংরা আবর্জনা অপসারণ করে শহরের বাহির ফেলা আসা হচ্ছে। যাতে মশা মাছি,বিভিন্ন রোগ জীবাণুর প্রাদুর্ভাব না হয় তার জন্য এই পরিচ্ছন্নতা কর্মসূচি অব্যাহত থাকবে।

এই পরিচ্ছন্নতা কর্মসূচিতে অংশ গ্রহণ করেন, আলমডাঙ্গা কোর্টপাড়া কমিউনিটির আহব্বায়ক ইকবাল হোসেন, যুগ্ম আহ্বায়ক জহুরুল ইসলাম, দেলোয়ার হোসেন, সদস্য গোলাম বিশ্বাস, ইসলাম মোল্লা, আবু

সাইদ, রফিকুল ইসলাম, ফারুক হোসেন, রনি, বাবলু হোসেন, আব্দুর রশিদ, ইকরামুল হক বুলু, রবিউল হক, রাসেল, জামেল, হিমেল বিশ্বাস, জাহাঙ্গীর হোসেন, রাসেল(ছোট), মন্ডল, মামুন প্রমুখ।